54

তারিখ 05 AUG 1997
পৃষ্ঠা ১৬ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

# সরকারী কলেজে চলতি মাসের মাঝামাঝি ভর্তি পরীক্ষা শুরু

**আনোয়ার আলদীন ॥** রাজধানীর সরকারী কলেজগুলিতে চলতি মাসের মাঝামাঝি সময় হইতে ভর্তি প্রক্রিয়া শুরু হইবে। বেসরকারী কলেজগুলিতে ইতিমধ্যে ছাত্র-ছাত্রী ভর্তি শুরু হইয়াছে। এই ভর্তি প্রক্রিয়া শুরুর পর হইতে সন্তানকে কিভাবে নামীদামী কলেজে ভর্তি করাইবেন ইহা লইয়া অভিভাবকদের উদ্বেগ উৎকণ্ঠার অন্ত নাই। গত দুই বছরের ন্যায় এবারও

( ২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## সরকারী কলেজে

(শেষ পৃঃ পর)

সরকারী কলেজগুলিতে এস এসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। কোন ভর্তি পরীক্ষা হইবে না। তবে রাজধানীর অধিকাংশ খ্যাতনামা বেসরকারী কলেজ সমূহে ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি নেওয়া হইবে। রাজধানীর উল্লেখযোগ্য সরকারী ও বেসরকারী কলেজ গুলিতে উচ্চমাধ্যমিক শ্রেণীতে ভর্তির জন্য আসন সংখ্যা রহিয়াছে মাত্র তিন সহস্রের মত। ইহার মধ্যে নটরডেম কলেজে সর্বাধিক ১১ শত আসন রহিয়াছে। এই কলেজের বিজ্ঞান শাখায় ৮ শত এবং মানবিক ও বাণিজ্য শাখায় ৩ শত আসন রহিয়াছে। নটরডেম কলেজে ভর্তি পরীক্ষা হইবে না। নম্বরের ভিত্তিতে ভর্তি নেওয়া হইবে। তবে গ্রুপ নির্ধারণের জন্য অভ্যন্তরীন একটি পরীক্ষা নেওয়া হইবে। ঢাকা কলেজে মোট আসন সংখ্যা ৪৫০টি। উহার মধ্যে বিজ্ঞান শাখায় ২৫০ মানবিক ও বাণিজ্য শাখায় ২০০ আসন রহিয়াছে। ভিকারুন্নেসা নূন স্কুল এণ্ড কলেজে মোট ৮০০ ছাত্রী ভর্তি করা হইবে। উহার মধ্যে বিজ্ঞান শাখায় ৩০০ মানবিক শাখায় ২৫০ ও বাণিজ্য শাখায় ২৫০ আসন রহিয়াছে। এই স্কুল হইতে এস এস সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীদের এই কলেজে ভর্তির পরই কেবল শূন্য আসনগুলিতে অন্য স্কুল হইতে পাস করা ছাত্রীদের ভর্তি করা হইবে। হলিক্রস কলেজে বিজ্ঞান শাখায় ২০০ এবং মানবিক শাখায় ১৫০টি আসন রহিয়াছে। আইডিয়েল স্কুল এণ্ড কলেজে মোট আসন রহিয়াছে ৫০০টি। ইহার মধ্যে বিজ্ঞান শাখায় ২০০, মানবিক শাখায় ২০০ এবং বাণিজ্য শাখায় ১০০। এই কলেজে কেবল ছাত্রীদের ভর্তি করা হয়। সরকারী বিজ্ঞান কলেজে ভর্তি করা হইবে ৪০০ ছাত্র।